দৈনিক সংবাদ

তারিখ 20 JUN 1994
পৃষ্ঠা ১ কলাম ৫

৭৪

# বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠানে কালো পতাকা উত্তোলন

(নিজস্ব বার্তা পরিবেশক)

সরকার বেসরকারি স্কুল-কলেজের শিক্ষক-কর্মচারীদের দাবি মেনে না নেয়ার প্রতিবাদে গতকাল রোববার বিভিন্ন বেসরকারি স্কুল-কলেজে কালো পতাকা উত্তোলন করা হয়। কালো পতাকা উত্তোলন কর্মসূচি আন্দোলনের পরবর্তী কর্মসূচি ঘোষণার আগ পর্যন্ত অব্যাহত থাকবে।

এদিকে টানা ৬২ দিন অবিরাম কর্মবিরতিসহ বিভিন্ন আন্দোলন কর্মসূচি পালনের পর গতকাল রোববার হতে

কালো : পৃঃ ৮ কঃ ৮

## কালো : পতাকা উত্তোলন

( ১ম পৃষ্ঠার পর )

বেসরকারি স্কুল-কলেজের শিক্ষক-কর্মচারীরা কাজে যোগদান শুরু করেছেন।

কেন্দ্রীয় শিক্ষক সংগ্রাম লিয়াজোঁ কমিটির ঘোষণা অনুযায়ী আগামী শনিবারের মধ্যে দেশের সকল বেসরকারি হাইস্কুল ও কলেজের শিক্ষক-কর্মচারীরা কাজে যোগ দেবেন।

রাজধানীর বেশ কয়েকটি বেসরকারি স্কুল-কলেজে গতকাল রোববার জাতীয় পতাকার পাশাপাশি কালো পতাকা উড়তে দেখা যায়। কেন্দ্রীয় লিয়াজোঁ কমিটির ঘোষণা অনুযায়ী আগামী ৩০শে জুন আন্দোলনের পরবর্তী বৃহত্তর কর্মসূচি ঘোষণা করা হবে।

জাতীয় বেতন স্কেলের একশ' ভাগ প্রদানসহ বিভিন্ন দাবিতে বেসরকারি স্কুল-কলেজের শিক্ষক-কর্মচারীরা গত ১৮ই এপ্রিল হতে অবিরাম কর্মবিরতি শুরু করেন। সর্বশেষ গত শনিবার হতে শিক্ষক-কর্মচারীরা অনির্দিষ্টকালের জন্য মহাঅবস্থান ধর্মঘট শুরু করেন।